


## নৈঃশব্দের শব্দযাত্রা

এবারের (২০১২) ঢাকার বই মেলায় “নৈঃশব্দের শব্দযাত্রা” নামে একটা ব্যতিক্রমধর্মী ছোটগল্প সংকলন প্রকাশিত হতে যাচ্ছে। ব্যতিক্রমধর্মী বলার কারণ হল, ‘এ সংকলনে যে একুশ জন গল্পকারের লেখা রয়েছে, তাদের পরিচয়ের সূত্রপাত বিভিন্ন - বিশেষ করে একটি বাংলা সাহিত্য বুগে লেখার মাধ্যমে। তাদের বেশীর ভাগের স্থিতি বাংলাদেশে হলেও, কেউ কেউ প্রবাস থেকেই চালিয়ে যাচ্ছেন সাহিত্যচর্চা। এদের কেউ কেউ এখনো অন্য লেখকদের সামনাসামনি দেখেননি বা অন্যদের সাথে কথাও বলেননি। এই ইন্টারনেটের যুগে সেটা কোন বাধা হয়ে দাঁড়ায় নি। সাহিত্য চর্চার শুন্দি বাসনা তাদের সকলকে বেঁধেছে একসূত্রে। তারা সবাই মিলে “সংকাশ” নামে একটা সাহিত্য সংগঠন গড়ে তুলেছেন সাহিত্য চর্চার শুন্দিতায়। সংকাশ এর শোগান - সংকোচহীন শব্দযাত্রা।



“নৈঃশব্দের শব্দযাত্রা”র ভূমিকায় এ সংগঠন সম্পর্কে বলা হয়েছে, “সংকাশ - একদল বন্ধুপ্রতীম সাহিত্যানুরাগী এবং সাহিত্যচর্চায় অন্তঃপ্রান দলের সম্মিলিত সুর। সংকাশের বন্ধুরা লিখতে চায়, লেখার প্রচেষ্টাকে একদিন পরিপূর্ণতার স্বচ্ছ হৃদে পূর্ণিমার চাঁদের আলোর মত মনোমুঞ্খকর রূপে জাগাতে চায়। সংকাশ আমাদের সেই সংকোচহীন শব্দযাত্রা। আমরা নিঃসঙ্কোচে এগিয়ে যাব, তাই সে চলার গতি যদি ধীরও হয়, গতিখানা যেন অনিন্দ্য-স্পন্দনে বিধুর-বিনুনিতে তাল-লয়ে এগোয়, সেই তো আমাদের শাশ্বত আকাঙ্ক্ষা আর লক্ষ্য। কেননা আমাদের দায়বন্ধতার প্রাণভোমরা রয়েছে মাটি

আর মানুষের কাছে, সাহিত্যের চিরায়ত শুন্দিতার পথে। সোচারে জানাই, আমরা আমাদের লক্ষ্যের প্রতি দৃঢ় প্রতিশ্রুতিশীল”।

“নৈঃশব্দের শব্দযাত্রা”র সম্পাদনায় রয়েছেন তানভীর আহমেদ, মামুন ম. আজিজ এবং মুন্নায় মিজান। প্রকাশনায় ভাষাচিত্র প্রকাশনীর পক্ষে খন্দকার সোহেল। বইটার দৃষ্টিনন্দন প্রচ্ছদ করেছেন

বিডি-নিউজ২৪ ‘এর প্রশাসক আইরিন সুলতানা। অধ্যাপক আব্দুল্লাহ আবু সাঈদ ফের্ণয়ারিতে গল্প-সংকলনটার মোড়ক উন্মোচন করবেন বলে জানা গেছে। একশত আটাশ পৃষ্ঠার পুস্তকটার দাম রাখা হয়েছে দুই শত টাকা আর এবারের বই মেলায় বইটি পাওয়া যাবে ভাষাচিত্র প্রকাশনীর স্টলে।

গল্প-সংকলনটিতে প্রজ্ঞা মৌসুমী, আহমেদ সাবের, আহমাদ মুকুল, ফাতেমা প্রমি, মনির মুকুল, রনীল, শামসুল আরেফিন, শাহীতাজ আক্তার, সাইফুল ইসলাম (সূর্য), ইফতেখারুল ইসলাম, তৌহিদ উল্লাহ শাকিল, তানভীর আহমেদ, রওশন জাহান, মৃন্ময় মিজান, খন্দকার নাহিদ হাসান, নাজমুল হাসান নিরো, মাহবুব মাহি, সালেহ মাহমুদ, জায়েদ বিন জাকির (শাওন), মোঃ আক্তারুজ্জামান এবং মামুম ম আজিজের লেখা স্থান পেয়েছে।